Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 June, 2025

কুষ্টিয়ার ইসলামিয়া কলেজ পরীক্ষা কেন্দ্রে এইচএসসি পরীক্ষার্থীদের জন্য দেওয়া একটি নোটিশ নিয়ে শুরু হয়েছে জোর আলোচনা। বৃহস্পতিবার (২৬ জুন) সকালেই পরীক্ষার হলে গিয়ে শিক্ষার্থীরা দেখতে পান, পরীক্ষার হলে প্রবেশে নিষিদ্ধ করা হয়েছে প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, কলম, স্কেল, পেন্সিল, জ্যামিতি বক্স, ক্যালকুলেটর (নন-প্রোগ্রামেবল), কাঁটাযুক্ত ঘড়ি–যা দেখে হতবাক হন শিক্ষার্থী ও অভিভাবকরা।

নোটিশের ছবি দ্রুত সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তা ঘিরে নানা সমালোচনা শুরু হয়।

ইসলামিয়া কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান বিষয়টি স্বীকার করে বলেন, “নোটিশটি ভুলবশত দেওয়া হয়েছিল।এটি কম্পোজের ভুল।জানাজানি হওয়ার পরই তা সরিয়ে ফেলা হয়েছে।”

তিনি আরও বলেন, “পরীক্ষার হলে কী আনা যাবে, কী যাবে না, তা পরীক্ষার্থীরা বোর্ডের নির্দেশনা অনুযায়ী জানে।আমাদের আলাদা নির্দেশনা দেওয়ার প্রয়োজন ছিল না।”

শিক্ষার্থী ও অভিভাবকদের অভিযোগ, “গুরুত্বপূর্ণ পরীক্ষার সময় এমন দায়িত্বহীনতা দুঃখজনক।এই ধরনের ঘটনাকে অবহেলা ও গাফিলতি বলেই মনে হচ্ছে।”

প্রসঙ্গত, বৃহস্পতিবার থেকে সারাদেশে একযোগে শুরু হয়েছে এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষা।কুষ্টিয়া জেলায় ৩৯টি কেন্দ্রে মোট ২০ হাজার ৪৬৬ জন পরীক্ষার্থী অংশ

নিচ্ছেন।যশোর বোর্ডের অধীনে প্রথম দিন অনুষ্ঠিত হয়েছে বাংলা (আবশ্যিক) প্রথম পত্রের পরীক্ষা এবং মাদরাসা বোর্ডের অধীনে হয়েছে কুরআন মাজিদ পরীক্ষা।

এইচএসসি কুষ্টিয়ার ইসলামিয়া কলেজ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 22:31

URL: https://timestodaybd.com/across-the-country/7758073756